



ডাঃ মোঃ এমদাদুল হক তালুকদার

মহাপরিচালক

প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ

কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা।

ফোনঃ ০২-৯১০১৯৩২

ই-মেইল: dg@dls.gov.bd

ডাঃ মোঃ এমদাদুল হক তালুকদার ২৮ ফেব্রুয়ারী ১৯৬৫ সালে গোপালগঞ্জ জেলার কোটালীপাড়া উপজেলায় এক সম্ভ্রান্ত পরিবারে জন্মগ্রহণ করেন। তাঁর পিতার নাম একরাম আলী তালুকদার এবং মাতার নাম মাজু বিবি। তিনি ১৯৮৫ সালে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ হতে ডক্টর অব ভেটেরিনারি মেডিসিন (ডিভিএম) ডিগ্রী অর্জন করেন। তিনি ১৯৯১ সালে বিসিএস (লাইভস্টক) ক্যাডারে সায়েন্টিফিক অফিসার হিসাবে প্রাণিসম্পদ অধিদপ্তরে প্রথম চাকুরিতে যোগদান করেন। দীর্ঘ কর্মজীবনে তিনি সায়েন্টিফিক অফিসার, ভেটেরিনারি সার্জন, উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, প্রিন্সিপাল সায়েন্টিফিক অফিসার, প্রাণিসম্পদ গবেষণা প্রতিষ্ঠান, মহাখালী, ঢাকা, পরিচালক, প্রশাসন এবং বর্তমানে মহাপরিচালক হিসাবে দায়িত্ব পালন করছেন।

তিনি প্রকল্প পরিচালক হিসাবে প্রাণিসম্পদ অধিদপ্তর সক্ষমতা জোরদারকরণ প্রকল্পে কাজ করেছেন। তিনি থাইল্যান্ড এরং ভারত সফরের মাধ্যমে জুনোটিক ইনফ্লুয়েঞ্জা সার্ভিলেন্স, এডভান্সড লাইভস্টক টেকনোলজি ও এক্সটেনশন সার্ভিসেস, ডেইরী ফার্ম ম্যানেজমেন্ট, কো-অপারেটিভ অপারেশন, দুগ্ধ প্রক্রিয়াজাতকরণ, প্রোডাক্ট ডাইভারসিফিকেশন ও বাজাররজাতকরণ এবং ভেটেরিনারি পেশায় অভিজ্ঞতা অর্জন করেন।

দীর্ঘ চাকুরি জীবনে তিনি চিকিৎসা সেবা, ডেইরী ডেভেলপমেন্ট, টিকার মান উন্নয়ন, মানব সম্পদ উন্নয়নে ট্রেনার, নিরাপদ খাদ্য সরবরাহ নিশ্চিতকরণে মোবাইল কোর্ট পরিচালনা ইত্যাদি বিষয়ে দক্ষতার সহিত কাজ করেছেন। তিনি মার্কেট চেইন/ভেলু চেইন, এন্টারপ্রেনারশিপ ডেভেলপমেন্ট, লোকাল সার্ভিস প্রোভাইডার ডেভেলপমেন্ট, ইনকাম জেনারেশন, কমিউনিটি এগ্রোপ্রসেসিং কার্যক্রমেও অনেক দক্ষতার পরিচয় দিয়ে কাজ করেছেন। নীতিমালা প্রণয়ণে, সরকারের মন্ত্রী, এমপি সহ মন্ত্রণালয়ের উর্ধ্বতন কর্মকর্তা, দাতা সংস্থা, এনজিও, ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়র সাথে লিয়াজো মেইনটেইন করেন।